# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৪৩

১/ বিবিধ

---

আরবী

قولي لها تتكلم، فإنه لا حج لمن لم يتكلم
ضعيف

أخرجه ابن حزم في " المحلى " (7/196) من طريق عبد السلام بن عبد الله بن جابر الأحمسي عن أبيه عن زينب بنت جابر الأحمسية: أن رسول الله صلى الله عليه وسلم قال لها في امرأة حجت معها مصمتة: فذكره
قلت: وهذا سند ضعيف، وعلته عبد الله بن جابر الأحمسي وابنه عبد السلام
قال ابن القطان: لا يعرف هو ولا ابنه، وليس له إلا حديث واحد، ولا روى عنه إلا ابنه، نقله في الميزان

বাংলা

১০৪৩। তুমি তাকে বল সে যেন কথা বলে, কারণ যে ব্যক্তি কথা বলবে না তার হাজ্জই হবে না।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু হাযম “আল-মুহাল্লা” গ্রন্থে (৭/১৯৬) আব্দুস সালাম ইবনু আদিল্লাহ ইবনে জাবের আল-আহমাসী হতে, তিনি তার পিতা হতে, তিনি যায়নাব বিনতু জাবের আল-আহমাসিয়াহ হতে বর্ণনা করেছেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে তার সাথে চুপ করে হাজ্জকারী এক নারী সম্পর্কে বলেনঃ তুমি তাকে ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। এর সমস্যা হচ্ছে আব্দুল্লাহ ইবনু জাবের ও তার ছেলে আব্দুস সালাম। ইবনুল কাত্তান বলেনঃ তাকে ও তার ছেলেকে চেনা যায় না। তার মাত্র একটি হাদীস রয়েছে। তার থেকে একমাত্র তার ছেলেই বর্ণনা করেছেন। তাকে “আল-মীযান" গ্রন্থে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন